গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২

স্মারক নং-২৫.৩৬.০০০০.০৩১.১৪.০০৯.১৭- ৪৭৩

তারিখ ২৯ / ০৫ /১৪২৮বাং
১৩ / ০৯ /২০২১ইং

**বিষয়ঃ দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচারের লক্ষ্যে সংবাদপত্রে প্রকাশের ক্ষেত্রে জাতীয় দৈনিক সংবাদপত্র নির্বাচনে সতর্কতা অবলম্বন ও যথাযথ ভাবে প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৬১২.০৭(২৯).০০৪.২১-২১৪ তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২১খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের একটি ক্রয় প্রস্তাব অনুমোদনের সুপারিশ গ্রহণের জন্য ২৫/০৮/২০২১ তারিখের CCGP সভায় উপস্থাপিত হয়। সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

"................... কাজের দরপত্র আহবানের জন্য বহুল প্রচারিত জাতীয় দৈনিক সংবাদপত্র নির্বাচনের ক্ষেত্রে বিধি-বিধানের ব্যত্যয় পরিলক্ষিত হওয়ায় পিপিআর, ২০০৮-এর বিধি ১১(২)(গ)(আ) অনুযায়ী আলোচ্য ক্রয়ের জন্য মূল্যায়ন কমিটির সুপারিশ বাতিলকরত: নতুনভাবে দরপত্র পুন:প্রক্রিয়াকরণের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে সর্বসম্মতভাবে সুপারিশ করা হলো"।

CCGP সভার উক্ত সুপারিশ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

উপর্যুক্ত প্রেক্ষিতে সরকারি ক্রয়কাজে যথাযথ প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচারিত জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশসহ আইন ও বিধিবিধান বিশেষ করে পিপিএ ২০০৬ এর ধারা ৪০ এবং পিপিআর-২০০৮ এর বিধি ৯০ এর উপ-বিধি (২) ও (৪) এবং বিধি ৬১(৪) যথাযথ অনুসরণপূর্বক ক্রয় কাজ প্রক্রিয়াকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

একইসাথে সকল প্রকল্পের ক্ষেত্রে অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের নির্ধারিত মেয়াদ ও অর্থ সংস্থানের মধ্যে সীমাবদ্ধ থেকে যথাযথ মান বজায় রেখে (Conformity of Time, Cost & Quality) প্রকল্পসমূহ বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে বলা হলো।

13/09/2021
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
নির্বাহী প্রকৌশলী
(পরিকল্পনা অধিশাখায় সংযুক্ত)
পরিকল্পনা শাখা-২
ফোনঃ ৯৫৪৯৬০২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃঃ আঃ অতিরিক্ত সচিব, কমিটি ও অর্থনৈতিক অনুবিভাগ]
২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। চেয়ারম্যান, রাজউক/জাগৃক/চউক/খুউক/রাউক/কউক।
৪। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫। মহাপরিচালক, এইচবিআরআই, ৩/১২০ মিরপুর দারুস সালাম রোড, মিরপুর, ঢাকা-১২১৬
৬। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রির সদয় অবগতির জন্য।)
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।)
৯। উপসচিব (পরিকল্পনা অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা শাখা১/৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব (উন্নয়ন-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। যুগ্ম-সচিব (উন্নয়ন ব্রাঞ্চ), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। অফিস কপি/মাষ্টার কপি।